

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র

কুমিল্লা-৩৫০০



কৃষিই সমৃদ্ধি

Phone (Office): 02-334400506

E-Mail : rhrsinchargecomilla@gmail.com

Website : www.bari.gov.bd

স্মারক নং-১২.২১.২০১৯.০৫৯.১৬.০০৪.২২.৯৪

তারিখ: ০১.০৯.২০২২ খ্রি.

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ বাস্তবায়ন বিষয়ের উপর ০১-০৯-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: ড. মোঃ উবায়দুল্লাহ কায়ছার

তারিখ : ০১-০৯-২০২২ খ্রি.

সময় : সকাল ১০:৩০


স্থান : ভারপ্রাপ্ত কর্মকর্তা মহোদয়ের কক্ষ

অদ্য ০১/০৯/২০২২ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০:৩০ ঘটিকায় আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, কুমিল্লা এর প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা ড. মোঃ উবায়দুল্লাহ কায়ছার এর সভাপতিত্বে উনার কক্ষে নৈতিকতা কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত নৈতিকতা কমিটির সদস্যবৃন্দের তালিকা “পরিশিষ্ট-ক” তে সংযুক্ত করা হ’ল।

সভায় উপস্থিত কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় কেন্দ্রের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের উপর সংক্ষিপ্ত বক্তব্য উপস্থাপন করেন। পরবর্তীতে আলোচ্যসূচী মোতাবেক ও সর্বসম্মতিক্রমে নিয়োক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়ঃ

সভার কার্যবিবরণী:

- ১। ২০২২-২০২৩ খ্রি. সালের জন্য ০৩ (তিন) সদস্য বিশিষ্ট নৈতিকতা কমিটি গঠন করা হয়।
- ২। সভায় আলোচনাক্রমে জানানো হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির প্রতি কোয়ার্টারে একটি করে মোট ০৪ (চার) টি সভার আয়োজন করতে হবে। প্রতি কোয়ার্টারে কমিটি কর্তৃক গৃহিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন পূর্বক তা প্রতিবেদন আকারে প্রধান কার্যালয়ে যথাসময়ে প্রেরণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।
- ৩। অফিসে বিদ্যুৎ ব্যবহার কমিয়ে আনতে প্রয়োজন ছাড়া লাইট, ফ্যান, কম্পিউটার, ফটোকপি মেশিন সহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি ইত্যাদি ব্যবহারের ক্ষেত্রে সশ্রমী হওয়ার পাশাপাশি অফিস কক্ষ ত্যাগকালীন সময়ে লাইট, ফ্যান সহ অন্যান্য বৈদ্যুতিক যন্ত্রপাতি বন্ধ রাখতে হবে। কেন্দ্রের আবাসিক এলাকায় বসবাসকারী সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের বিগত সময়ের বিদ্যুৎ বিল পর্যালোচনা করে বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হওয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়। কেন্দ্রের অভ্যন্তরে রাস্তায় ব্যবহৃত বৈদ্যুতিক বাতির প্রয়োজনীয়তা বিবেচনা করে কিছু সংখ্যক বাতি বন্ধ রাখার ব্যাপারে সিদ্ধান্ত গৃহিত হয়। তাছাড়া জ্বালানী তেলের ব্যবহার হ্রাসের লক্ষ্যে যানবাহন ব্যবহারে মিতব্যয়ী হওয়ার ব্যাপারে নির্দেশনা প্রদান করা হয়।
- ৪। সরকারী নির্দেশনা মোতাবেক দিনের আলোর সর্বোচ্চ ব্যবহার করে জানালার পর্দা সরিয়ে অফিস কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশ প্রদান করা হয়।


১/৯/২২

ড. মোঃ উবায়দুল্লাহ কায়ছার
(BARI0207)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা